

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৪৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫৬. ঈদের নামাযে আযান নেই।

باب تَرْكِ الأَذَانِ فِي الْعِيدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا سُفْيَانُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَابِسٍ، قَالَ سَأَلَ رَجُلُ ابْنَ عَبَّاسٍ أَشَهِدْتَ الْعِيدَ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ نَعَمْ وَلَوْلاَ مَنْزِلَتِي مِنْهُ مَا شَهِدْتُهُ مِنَ الصِّغَرِ فَأَتَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْتِ فَصلَلَّى ثُمَّ خَطَبَ وَلَمْ يَذْكُرْ أَذَانًا وَلاَ إِقَامَةً قَالَ ثُمَّ أَمَرَ بِالصَّدَقَةِ _ قَالَ _ فَجَعَلَ النِسَاءُ يُشِرْنَ إِلَى آذَانِهِنَّ وَحُلُوقِهِنَّ قَالَ فَأَمَرَ بِلاَلاً فَأَتَاهُنَّ ثُمَّ رَجَعَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

১১৪৬. মুহাম্মদ ইবনে কাছীর (রাঃ) আব্দুর রাহমান ইবনে আবেস (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি ইবনে আব্বাস (রাঃ)-কে জিজ্ঞাসা করেন, আপনি কি কোন ঈদে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর সাথে উপস্থিত ছিলেন? তিনি বলেন, হ্যাঁ। আমি যদি তাঁর প্রিয় পাত্র না হতাম তবে ছোটবেলা থেকে তাঁর নিকটস্থ হওয়া আমার পক্ষে সম্ভব হত না। কাছির ইবনুস্ সালাতের ঘরের নিকট যে পতাকা ছিল তিনি সেখানে যান এবং নামায আদায় করতঃ খুতবা দেন।

রাবী বলেন, ইবনে আব্বাস (রাঃ) আযান ও ইকামতের কথা উল্লেখ করেন নাই। অতঃপর তিনি দান-খয়রাত সম্পর্কে উপদেশ দেন, যা শুনে মহিলাগণ তাদের কান ও গলা হতে স্বর্ণালংকার খুলে দান করতে থাকেন। তিনি বিলাল (রাঃ)-কে মহিলাদের নিকট গিয়ে তা গ্রহণের নির্দেশ দেন। অতঃপর তিনি সেগুলো নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ফিরে আসেন। (বুখারী, নাসাঈ)

English

'Abd al-Rahman b. 'Abis said:

A man asked lbb 'Abbas: Have you been present along with the Messenger



of Allah (ﷺ)? He replied: Yes. Had there been no dignity for me in his eyes, I would not have been present with him due to my minority. Then the Messenger of Allah (ﷺ) came to the point that was near the house of Kathir b. al-Salt. He prayed and afterwards preached. He (Ibn 'Abbas) did not mention the adhan (call to prayer) and the iqamah. He then commanded to give alms. The women began to point to their ears and throats (to give their jewelry in alms).

ফুটনোট

সহীহঃ বুখারী।

বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ শিশুদের উযু করা, কখন তাদের উপর গোসল ফারয হয়, হাঃ ৮৬৩), নাসায়ী (অধ্যায়ঃ দুই ঈদ, অনুঃ ঈদের খুতবাহ শেষে মহিলাদেরকে বিশেষভাবে নাসীহাত করা, হাঃ ১৫৮৫), আহমাদ (১/২৩২) সকলে সুফয়ান ইবনু সাঈদ আস-সাওরী হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবিস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন